

## Roll Data Entry ও EPIC সফটওয়্যার সম্পর্কিত নির্দেশাবলী : (1<sup>st</sup> Phase Pre-revision Activity)

এপিক-এর কাজের জন্য একটা AC কে কোনমতেই দুটো কম্পিউটারে ভাগ করা যাবে না। AC এর আকার খুব বৃহৎ না হলে একটা কম্পিউটারে একের বেশী AC রাখা যেতে পারে, কিন্তু এটা লক্ষ্য রাখতে হবে যে পুরো AC এর Data যাতে থাকে অর্থাৎ একটা AC-র Data ভেঙ্গে 2 বা 3 টে কম্পিউটারে কাজ করা যাবে না।

PEC-তে ছবি তোলা ও ছবি জমা দেওয়ার কাজ চলবে। PEC বন্ধ করার কোনো প্রশ্নই নেই বরং এপিক ক্যাম্পেন এর ছবি (বি.ডি.ও অফিস / গ্রাম পঞ্চায়েতে ইত্যাদির কাজ) PEC-এ আনতে হবে Merging এর জন্য।

সাধারণতঃ বেশীরভাগ PEC-এ (Permanent EPIC Centre) একটাই কম্পিউটারে কাজ হয়। কাজের প্রয়োজন অনুযায়ী, PEC-এ কম্পিউটারের সংখ্যা বাড়াতে হবে। আগে হয়তো PEC-এ একটা কম্পিউটারে চারটি AC-র কাজ হত। এখন সেই কম্পিউটারে একটা AC-এর কাজ হবে। আর বাকী তিনটে AC-র কাজ Vendor-এর দেওয়া বাকী 3 টে কম্পিউটারে হবে। এক্ষেত্রে PEC কে Extended PEC বলা যেতে পারে।

এপিকের কাজে ব্যবহার করা কম্পিউটার কোনও মতেই Roll Data Entry-এর কাজে ব্যবহার করা যাবে না। Roll Data Entry এবং EPIC এর কাজ আলাদা কম্পিউটারে হবে। EPIC এর মতো Roll Data Entry এর ক্ষেত্রেও AC ভাগ করা যাবে না। যদি কাজের পরিমাণ বেশী হয় এবং মনে হয় একটা AC-র জন্য একের অধিক কম্পিউটার লাগবে সেক্ষেত্রে CEO Office-এর IT Cell-এ (Phone No. - 2254-4960) যোগাযোগ করতে হবে এবং প্রয়োজনীয় উপায় জেনে নিতে হবে।

CEO Office, IT Cell